গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
প্রশাসন শাখা
www.rthd.gov.bd

## ২৫ মার্চ গণহত্যা দিবস এবং ২৬ মার্চ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস, ২০২৩ উদ্যাপন উপলক্ষে কর্মসূচি প্রণয়নের বিষয়ে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী

সভাপতি : এ বি এম আমিন উল্লাহ নুরী
সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
তারিখ ও সময় : ২২ মার্চ ২০২৩, বেলা ২.০০ টা
স্থান : সভাকক্ষ ও জুম প্ল্যাটফর্ম

সভার প্রারম্ভে সভাপতি স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানসহ ১৯৭৫ সালে ১৫ আগস্টে শাহাদাত বরণকারী এবং ১৯৭১ সালের মুক্তিযুদ্ধে নিহত সকল শহিদ, নির্যাতিতা সকল মা-বোন ও জাতীয় চার নেতার প্রতি শ্রদ্ধা জ্ঞাপন করেন। অত:পর তিনি সকলকে স্বাগত জানিয়ে আগামী ২৫ মার্চ গণহত্যা দিবস ও ২৬ মার্চ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস, ২০২৩ উদযাপন উপলক্ষে বিভিন্ন কর্মসূচি বাস্তবায়নের বিষয়ে আলোচ্যসূচি উপস্থাপনের জন্য অনুরোধ করেন। প্রশাসন অনুবিভাগের পক্ষে যুগ্মসচিব (বাজেট) জানান, ২৫ গণহত্যা দিবস ও ২৬ মার্চ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস, ২০২৩ উদযাপন উপলক্ষে বিভিন্ন কর্মসূচি বাস্তবায়নের লক্ষ্যে গত ৩০-০১-২০২৩ তারিখে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ে এবং গত ০৬-০৩-২০২৩ তারিখে জননিরাপত্তা বিভাগে আন্ত:মন্ত্রণালয় সভা অনুষ্ঠিত হয়। মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ে গৃহিত সিদ্ধান্ত অনুযায়ী তিনি এ বিভাগ ও আওতাধীন অধিদপ্তর/কর্তৃপক্ষ/সংস্থা/কোম্পানি সংশ্লিষ্ট কর্মসূচি ও সিদ্ধান্তসমূহ সভায় তুলে ধরেন।

০২. সভায় ২৬ মার্চ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস, ২০২৩ উদযাপন উপলক্ষে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক গৃহিত কর্মসূচির আলোকে এ বিভাগ ও আওতাধীন অধিদপ্তর/কর্তৃপক্ষ/সংস্থা/কোম্পানি সংশ্লিষ্ট কর্মসূচি গ্রহণের বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়।

০৩. সভায় বিস্তারিত আলোচনার পর ২৫ গণহত্যা দিবস ও ২৬ মার্চ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস, ২০২৩ উদযাপন উপলক্ষে এ বিভাগ ও আওতাধীন অধিদপ্তর/কর্তৃপক্ষ/সংস্থা/কোম্পানি কর্তৃক নিম্নোক্ত কর্মসূচিসমূহ গ্রহণ করা হয়ঃ

| ক্রম | কর্মসূচিসমূহ | বাস্তবায়নকারী বিভাগ/সংস্থা |
|---|---|---|
| ১. | ২৬ মার্চ ২০২৩ তারিখ সূর্যোদয়ের সাথে সাথে এ বিভাগের আওতাধীন অধিদপ্তর/কর্তৃপক্ষ/সংস্থা/কোম্পানির প্রধান কার্যালয় এবং এর আওতাধীন বিভাগ/জেলা পর্যায়ের সকল অফিস ভবনে বাংলাদেশ ফ্ল্যাগ রুলস্ ১৯৭২ অনুযায়ী সঠিক মাপ ও রং ঠিক রেখে জাতীয় পতাকা উত্তোলন করতে হবে। | সওজ অধিদপ্তর, ডিটিসিএ, বিআরটিসি, বিআরটিএ, ডিএমটিসিএল, ঢাকা বিআরটি |
| ২. | ২৬ মার্চ ২০২৩ তারিখে এ বিভাগের আওতাধীন অধিদপ্তর/কর্তৃপক্ষ/সংস্থা/কোম্পানির প্রধান কার্যালয় ও বিভাগ/জেলা কার্যালয়সমূহে এবং বর্তমানে চালুকৃত মেট্রোরেল স্টেশন সমূহে আলোকসজ্জা করতে হবে। **তবে কোনক্রমেই ২৫ মার্চ ২০২৩ তারিখ আলোকসজ্জা করা যাবে না।** | সওজ অধিদপ্তর, ডিটিসিএ, বিআরটিসি, বিআরটিএ, ডিএমটিসিএল, ঢাকা বিআরটি |
| ৩. | এ বিভাগের আওতাধীন অধিদপ্তর/কর্তৃপক্ষ/সংস্থা/কোম্পানির প্রধান কার্যালয় ও বিভাগ/জেলা কার্যালয়সমূহ এবং বর্তমানে চালুকৃত মেট্রোরেল স্টেশনসমূহ মহান স্বাধীনতা ও জাতীয় দিবসের আলোকে ব্যানার, ফেস্টুন, প্লেকার্ড, রঙ্গিন পতাকা ইত্যাদি দ্বারা সজ্জিত করতে হবে। এ বিভাগের উদ্যোগে ০৬টি স্ট্যান্ড ব্যানার স্থাপন করতে হবে। এছাড়া ঢাকা ও দেশের বিভিন্ন শহরের প্রধান প্রধান সড়ক ও সড়ক দ্বীপসমূহ জাতীয় পতাকাসহ বিভিন্ন পতাকা দ্বারা সজ্জিতকরণ করতে হবে। | সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, সওজ অধিদপ্তর, ডিটিসিএ, বিআরটিসি, বিআরটিএ, ডিএমটিসিএল, ঢাকা বিআরটি |
| ৪. | মহান স্বাধীনতা ও জাতীয় দিবস উদযাপন উপলক্ষে ২৬ মার্চ ২০২৩ তারিখে ডিএমটিসিএল এর উত্তরাস্থ মেট্রোরেল এক্সিবিশন সেন্টারে বিনা টিকিটে দর্শনার্থীদের পরিদর্শনের বিষয়টি সকলের অবগতির জন্য প্রচার করতে হবে। | ডিএমটিসিএল |
| ৫. | ২৬ মার্চ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস, ২০২৩ উপলক্ষে ঢাকা-সাভার মহাসড়কটি মেরামত/সংস্কার, পরিচ্ছন্ন, প্রয়োজনীয় নির্দেশনা চিহ্ন স্থাপন, স্পিড ব্রেকার সমূহে ফ্লোরোসেন্ট রং এর মাধ্যমে মার্কিং ও সড়কদ্বীপে রং করতে হবে। | সওজ অধিদপ্তর |

(অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য)

| ক্রম | কর্মসূচিসমূহ | বাস্তবায়নকারী বিভাগ/সংস্থা |
|---|---|---|
| ৬. | ২৬ মার্চ ২০২৩ তারিখে মহান স্বাধীনতা ও জাতীয় দিবস উপলক্ষে জেলা প্রশাসনের আয়োজিত সকল অনুষ্ঠানের সওজ অধিদপ্তর, বিআরটিএ এবং বিআরটিসি'র মাঠ পর্যায়ের কর্মকর্তাগণ ব্যানারসহ অংশগ্রহণ, পুষ্পস্তবক অর্পণ, অফিস ভবনে ব্যানার টাঙ্গানো এবং আলোকসজ্জা করতে হবে। মাঠ পর্যায়ের কর্মকর্তাগণের সক্রিয় অংশগ্রহণ ও উপস্থিতি নিশ্চিত করার প্রয়োজনীয় নির্দেশনা স্ব স্ব অফিস প্রদান করবে। | সওজ অধিদপ্তর, বিআরটিএ, বিআরটিসি |

০৪. সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত
২২.৩.২০২৩
(এ বি এম আমিন উল্লাহ নুরী)
সচিব

নং-৩৫.০০.০০০০.০০৮.২৩.০০৩.২১-৩৩৫

তারিখ: ০৮ চৈত্র ১৪২৯ / ২২ মার্চ ২০২৩

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

০১. প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা।
০২. অতিরিক্ত সচিব (সকল), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ।
০৩. নির্বাহী পরিচালক, ডিটিসিএ, ডিটিসিএ ভবন, তেজগাঁও, ঢাকা।
০৪. চেয়ারম্যান, বিআরটিএ, বিআরটিএ ভবন, বনানী, ঢাকা।
০৫. চেয়ারম্যান, বিআরটিসি, পরিবহন ভবন, রাজউক এভিনিউ, ঢাকা।
০৬. ব্যবস্থাপনা পরিচালক, ডিএমটিসিএল, প্রবাসী কল্যাণ ভবন, ইস্কাটন গার্ডেন, ঢাকা।
০৭. ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা বাস র‍্যাপিড ট্রানজিট কোম্পানি লিঃ, বাড়ী-০৪, রোড-২১, সেক্টর-০৪, উত্তরা, ঢাকা।
০৮. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়।
০৯. যুগ্মসচিব (সকল), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ।
১০. সচিব মহোদয়ের একান্ত সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ।
১১. সিনিয়র সিস্টেম এনালিস্ট, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

২২.০৩.২০২৩
(মোঃ দেলোয়ার হোসেন)
সহকারী সচিব
ফোন: ৯৫১৩৩৩৪
ই-মেইল: sasadmin@rthd.gov.bd

সিনিয়র সিস্টেম এনালিষ্ট
- সিস্টেম এনালিষ্ট/ সিনিয়র প্রোগ্রামার
- প্রোগ্রামার
- মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার
- সঃমেঃ ই-১/ সঃমেঃ ই-২
- নথি

ডাইরি নং ৫৫৩
তারিখ ২৩।৩।২৩
স্বাক্ষর